গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ধামরাই, ঢাকা।
(dhamrai.dhaka.gov.bd)

## ঢাকা জেলার ধামরাই উপজেলা পরিষদের আগস্ট/২০২১ খ্রি. মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোহাদ্দেছ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা।

স্থানঃ উপজেলা পরিষদ অডিটোরিয়াম (নীচ তলা)

তারিখঃ ১৯/০৮/২০২১ খ্রি.

সময়ঃ সকাল ১১.০০ টা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভায় শুরুতে সভাপতি কর্তৃক উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সম্মানিত উপদেষ্টা, ঢাকা-২০ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব বেনজীর আহমদ, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপস্থিত দপ্তর প্রধানগণ এবং অন্যান্য সদস্যগণকে স্বাগত জানানো হয়। অতঃপর বিষয়ভিত্তিক আলোচনা উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

০১। উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির উপদেষ্টা, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঢাকা-২০ বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব বেনজীর আহমদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার আলোচনা তুলে ধরেণ। তিনি ধামরাই উপজেলার সকল ইউনিয়নের কাঁচা রাস্তা-ঘাটের বিষয়ে উপজেলা প্রকৌশলী, ধামরাই, ঢাকাকে ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেন। উপজেলা বন কর্মকর্তাকে সরকারি রাস্তার পাশে বৃক্ষ রোপন ও বৃক্ষ কর্তনের বিষয়ে সংশ্লিষ্ট সকল সভা আহ্বান করে উক্ত সভার রেজুলেশনের ভিত্তিতে কার্যক্রম গ্রহন করার নির্দেশনা প্রদান করেন এবং নীতিমালা অনুযায়ী গাছ বিক্রির অর্থ যথাসময়ে সংশ্লিষ্টদের মাঝে বিতরণ করার নির্দেশনা প্রদান করেন। কোভিড-১৯ টিকা নিয়ে জনগণকে দুশ্চিন্তামুক্ত থাকার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে আশ্বস্ত করেন। ভাড়ারিয়া ইউনিয়নের কাকরান ব্রিজের উপর অবৈধ ট্রাক পার্কিং মোবাইল কোর্ট করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ধামরাই, ঢাকাকে অনুরোধ করেন। এছাড়াও এলাকার সন্ত্রাস ও মাদক নিয়ন্ত্রনে নিজ নিজ ইউনিয়নে কাজ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সর্বোপরি জনগণের পাশে থেকে জনগণকে সেবা করার জন্য তিনি সকলকে আহ্বান জানান এবং জাতির পিতার আত্মার মাগফিরাত কামনা করে তার বক্তব্য সমাপ্ত করেন।

০২। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা বন কর্মকর্তাকে কমিটির সকলের সিদ্ধান্তক্রমে গাছ কর্তন ও দ্রুততম সময়ের মধ্যে অর্থ বিতরণের বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। জনশুমারি ও গৃহ গণনা-২০২১ কার্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়াও মনিটরিং সুবিধার্থে প্রকল্পের নেয়ার ক্ষেত্রে তুলনামূলক বড় ধরণের প্রকল্প নেয়ার জন্য এবং নীতিমালা অনুযায়ী ধর্মীয় প্রতিষ্ঠান কেন্দ্রিক প্রকল্প না নেয়ার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান।

| ক্রঃ নং | বিভাগ সমূহ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দর ভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ২. | উপজেলা প্রকৌশল বিভাগ | ক) উপজেলা প্রকৌশলী, ধামরাই, ঢাকা সভায় জানান যে, বিগত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ ভবন মেরামত বাবদ ১,০০,১৩,৫৮০/- (এক কোটি তেরো হাজার পাঁচশত আশি) টাকার ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনটি স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বরাবর প্রেরণ করার প্রস্তাব করেন। উপজেলা পরিষদ ভবনটি পুরাতন এবং জরাজীর্ণ বিধায় এর বড় রকমের সংস্কার প্রয়োজন বলে উপস্থিত সবাই একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ ভবন মেরামত বাবদ ১,০০,১৩,৫৮০/-(এক কোটি তেরো হাজার পাঁচশত আশি) টাকার ব্যয় প্রাক্কলন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা।<br>২। উপজেলা প্রকৌশলী, ধামরাই, ঢাকা। |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) উপজেলা প্রকৌশলী, ধামরাই, ঢাকা জানান যে, ধামরাই উপজেলাধীন নতুন ১০(দশ) টি রাস্তার গেজেটভুক্ত হওয়ার জন্য জেলা প্রশাসক, ঢাকা মহোদয়ের মাধ্যমে স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর তালিকা প্রেরণ করা প্রয়োজন (রাস্তার তালিকা পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত করা হলো)। | ধামরাই উপজেলাধীন নতুন ১০(দশ) টি রাস্তার গেজেটভুক্ত হওয়ার জন্য তালিকাটি স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | গ) উপজেলা প্রকৌশলী, ধামরাই জানান যে, কেলিয়া ভূম-দক্ষিণ রাস্তার একটি ব্রিজের রেলিং ভাঙার কারণে ঝুকিপূর্ণ অবস্থায় মানুষ ও যানবাহন চলাচল করে। জরুরি ভিত্তিতে ব্রিজটি মেরামত করা না হলে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। উক্ত ব্রিজের রেলিং মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। | কেলিয়া ভূম-দক্ষিণ রাস্তার ব্রিজের রেলিং মেরামত বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৪র্থ ও ৫ম পর্যায়ের বরাদ্দের আওতায় বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই কমিটি কর্তৃক ১২টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এবং ৬টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা নির্বাচন পূর্বক অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। প্রস্তাবনাসমূহ নিম্নরূপ ঃ-<br>ক) সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প ঃ<br>(১) কোভিড-১৯ নিয়ন্ত্রণ এবং ভ্যাকসিনেশনে উদ্বুদ্ধকরণ বিষয়ক কর্মশালা (২) দানাদার ও তৈল জাতীয় ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও মান নিয়ন্ত্রণ বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ (৩) স্থানীয় কর্পোরেট জব মার্কেটে বেকার গ্র্যাজুয়েটদের জব প্লেসমেন্ট শীর্ষক কর্মশালা (৪) বেকার যুবদের জন্য উদ্যোক্তা সৃষ্টি ও অনলাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ (৫) বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বিউটিফিকেশন বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (৬) প্রতিবন্ধী পরিবারের সদস্যদের পরিচর্যাকারী (Care Giver) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (৭) অনলাইন ক্লাস কন্টেন্ট তৈরী, উপস্থাপন কৌশল এবং শিক্ষার্থীদের মূল্যায়ন পদ্ধতি বিষয়ে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (৮) গবাদী পশুর মৌসুমী রোগ প্রতিরোধ এবং সাইলেজ প্রযুক্তিতে কাঁচা ঘাস সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ (৯) দেশীয় প্রজাতির মৎস্য চাষ সম্প্রসারণ বিষয়ক প্রশিক্ষণ (১০) কৈশোরকালীন যত্ন ও সেবা বিষয়ে পিয়ার গ্রুপ (Peer Group) প্রশিক্ষণ (১১) মানসম্মত স্যানিটারী সামগ্রী উৎপাদনের জন্য বেসরকারি পর্যায়ে স্যানিটারিজ উৎপাদনকারীদের প্রশিক্ষণ (১২) সমবায় ভিত্তিক দুগ্ধ উৎপাদন এবং উচ্চতর বাজারে বিক্রয় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।<br>খ) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ঃ | প্রস্তাবনাসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং বিধি মোতাবেক ইউজিডিপির প্রকল্প বাস্তবায়ন ইউনিটে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের নকশা এবং প্রাক্কলন তৈরীর করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা।<br>২। উপজেলা প্রকৌশলী, ধামরাই, ঢাকা।<br>৩। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, ধামরাই, ঢাকা। |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (১) ধামরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ কোভিড রোগীদের জন্য একটি পৃথক আইসোলেশন ওয়ার্ড নির্মাণ (২) ১০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মেডিক্যাল ইক্যুইপমেন্ট সরবরাহ (৩) আশরাফ উদ্দিন চৌধুরী উচ্চ বিদ্যালয়ে শ্রেণিকক্ষ নির্মাণ (৪) প্রাণিসম্পদের চিকিৎসা ব্যবস্থাপনার জন্য কাউশেড-কাম-ট্রিটমেন্ট কর্ণার নির্মান (৫) মোহিনী মোহন উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র এবং উপকরণ সরবরাহ (৬) জালসা উচ্চ বিদ্যালয়ে আইসিটি ল্যাব এর যন্ত্রপাতি ও আসবাবপত্র সরবরাহকরণ।<br>উল্লিখিত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা পরিষদের অনুমোদনসহ প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ)-এ প্রেরণ করা আবশ্যক বলে তিনি সভাকে অবহিত করেন। | | |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, আগামী ২৮ আগস্ট থেকে ০৩ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত মৎস্য সপ্তাহ অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে তিনি সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন। | ধামরাই উপজেলায় মৎস্য সপ্তাহ যথাযথভাবে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা।<br>২। উপজেলা মৎস্য কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রাণিসম্পদ চিকিৎসা ব্যবস্থার জন্য কাউশেড-কাম-ট্রিটমেন্ট কর্ণার নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করায় সভাকে ধন্যবাদ জানান। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ৬. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা (প্রতিনিধি), ধামরাই, ঢাকা জানান যে, কোভিড-১৯ নিয়ন্ত্রণে উপজেলা স্বাস্থ্য বিভাগ সর্বোপরি সেবা দিয়ে যাচ্ছে। তিনি আরো বলেন করোনা ভ্যাক্সিনের জন্য আবেদনকারীর তুলনায় প্রাপ্ত টিকার পরিমাণ কম হওয়ায় সকলকে টিকা প্রদানের এসএমএস প্রেরণ করা হচ্ছে না। যারা টিকার জন্য রেজিস্ট্রেশন করেছেন তাদেরকে তিনি ধৈর্য্য সহকারে অপেক্ষা করার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে টিকার যোগান পর্যাপ্ত হলে পর্যায়ক্রমে সকলকেই করোনা ভ্যাক্সিনের আওতায় আনা হবে। | ভ্যাক্সিন প্রয়োগ কার্যক্রম সঠিকভাবে চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাল্যবিবাহ, নারী-শিশু নির্যাতন, যৌতুক ও যৌনহয়রানি সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন। এ ধরণের অসামাজিক কার্যকলাপ বন্ধের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সর্বসাধারণের সহযোগিতা কামনা করেন এবং সকলকেই সচেতন হওয়ার আহ্বান ব্যক্ত করেন। তিনি জানান কর্মজীবি ল্যাকটেটিং মাদারদের ভাতা প্রদানের নিমিত্ত ধামরাই পৌরসভা থেকে ২০২১-২০২২ অর্থবছর থেকে ভাতা প্রদানের লক্ষ্যে নতুন ১০০ জন সুবিধাভোগী নির্বাচন কাজ চলমান রয়েছে। | বাল্যবিবাহ, নারী-শিশু নির্যাতন, যৌতুক ও যৌনহয়রানির মত অসামাজিক কার্যকলাপ বন্ধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নীতিমালার আলোকে ল্যাকটেটিং মাদার ভাতা প্রদানের ক্ষেত্রে প্রকৃত প্রাপ্য মায়েদের নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | উপজেলা সমাজসেবা অফিস | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সরকারের উদ্যোগে ৪৯৩টি উপজেলায় "শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স ভবন" প্রতিষ্ঠা করা হবে, যেখানে থেরাপীসহ আইনের সংঘাতে বা সংস্পর্শে আসা শিশু, বিধবা নারী, প্রতিবন্ধী ব্যক্তি ও অন্যান্যদের বহুমুখী সামাজিক সেবা প্রদান হবে। উক্ত প্রকল্প প্রণয়নের নিমিত্ত ১২-১৮ শতাংশ খাস জমির প্রয়োজনীয়তা জ্ঞাপন করেন। এছাড়াও কমপ্লেক্স ভবন প্রতিষ্ঠা করার ক্ষেত্রে জমির ডিজিটাল নকশা ও সীমানা চিহ্নিতকরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন। | "শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স ভবন" প্রতিষ্ঠা করার নিমিত্ত খাস জমি নির্বাচনসহ সার্বিক কার্যাবলী যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার(ভূমি), ধামরাই, ঢাকা।<br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ১০. | উপজেলা পরিসংখ্যান অফিস | সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, আগামী ২৫-৩১ অক্টোবর ২০২১ খ্রি. পর্যন্ত ৬ষ্ঠ জনশুমারি ও গৃহ গণনা-২১ কার্যক্রম শুরু হবে। উক্ত জনশুমারি ও গৃহ গণনা-২১ প্রকল্পে ধামরাই উপজেলাকে মোট ১২টি জোনে ভাগ করা হয়েছে যেখানে ১৮৮ জন সুপারভাইজার নিয়োগ দেয়া হয়েছে এবং মোট ১১০০ জন গণনাকারী নিয়োগ দেয়া হবে। জনশুমারি ও গৃহ গণনা-২১ প্রকল্পে পূর্বের মত হাতে লিখে গণনাকার্যকে বাদ দিয়ে ডিজিটাল পদ্ধতিতে গণনা করা হবে। জনশুমারি ও গৃহ গণনা কাজে ডিজিটাল প্রযুক্তি হিসেবে ট্যাব ব্যবহার করা হবে। এ বিষয়ে তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সার্বিক সহযোগিতা করার অনুরোধ করেন। | ২৫-৩১ অক্টোবর ২০২১ পর্যন্ত জনশুমারি গণনা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ধামরাই, ঢাকা।<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা। |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন অফিস | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ১২. | উপজেলা খাদ্য অফিস | সভায় উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, আগামী সেপ্টেম্বর ২০২১ থেকে ১০ টাকা কেজি চাল বিতরণ করা হবে। এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সহযোগিতা করার এবং দায়িত্বের সহিত প্রাপ্য জনগণের মাঝে চাল বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধামরাই, ঢাকা।<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা। |
| ১৩. | উপজেলা সমবায় অফিস | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে। চলতিমাসে বিআরডিবি থেকে ১৩ জন উদ্যোক্তার মাঝে মাত্র ৪% সুদে এক লক্ষ টাকা করে ঋণ প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ১৫. | উপজেলা শিক্ষা অফিস | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ১৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অসুস্থতাজনিত কারণে দীর্ঘদিন ধরে নিয়মিত অফিস না করার বিষয়টি সভায় আলোচনা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সোমভাগ ইউনিয়নের দেপাশাই আশ্রয়ণ প্রকল্পে দ্রুততম সময়ে প্রয়োজনীয় সংখ্যক টিউবওয়েল স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সোমভাগ ইউনিয়নের দেপাশাই আশ্রয়ণ প্রকল্পে দ্রুত প্রয়োজনীয় সংখ্যক টিউবওয়েল স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ধামরাই, ঢাকা। |
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ | সভায় উপজেলা বন কর্মকর্তা জানান যে, কালামপুর স্ট্যান্ড হতে খাগুরতা বাজার স্ট্যান্ড পর্যন্ত ৮ কিলোমিটার, বাটা সু গেট হতে ছয়বাড়িয়া রাস্তায় মোট ২.৫ কিলোমিটার ও ফোর্ডনগর হতে সিতি পর্যন্ত ৫ কিলোমিটার রাস্তার কর্তিত গাছের পুনঃবনায়ন করার প্রয়োজন। এছাড়াও বিক্রিত গাছের লভ্যাংশ যথানিয়মে উপকারভোগী, ইউনিয়ন পরিষদ, ভূমির মালিক এবং সড়ক ও জনপথ তার প্রাপ্য অংশ বুঝিয়া পাবেন বলে সভাকে জানান। | কমিটির সকলের সিদ্ধান্তক্রমে গাছ কর্তন ও যথাসময়ে নীতিমালা অনুযায়ি অর্থ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সামাজিক বন কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ১৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, ৩৩৩ নম্বরে ফোন করলে খাদ্য সহায়তা প্রদানের জন্য বরাদ্দ থাকলেও ধামরাই উপজেলা থেকে কেউ ফোন না করায় তা বিতরণ করা সম্ভব হচ্ছে না। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ৩৩৩ নম্বরে সহায়তা চাওয়ার ব্যাপারে প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধামরাই, ঢাকা।<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা। |
| ২০. | উপজেলা নির্বাচন অফিস | সভায় উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ২১. | উপজেলা বিএডিসি (ক্ষুদ্রসেচ) | সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্বন্ধে আলোচনা করা সম্ভব হয় নি। | পরবর্তী সভা থেকে নিয়মিত সভায় উপস্থিত থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী পরিচালক, (ক্ষুদ্রসেচ) বিএডিসি, ধামরাই, ঢাকা। |
| ২২. | পল্লী জীবিকায়ন উন্নয়ন বিভাগ | সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্বন্ধে আলোচনা করা সম্ভব হয় নি। | পরবর্তী সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে উপস্থিত থেকে তার বিভাগীয় কার্যক্রম সম্বন্ধে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পল্লী জীবিকা উন্নয়ন কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ২৩. | ইসলামিক ফাউন্ডেশন | সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্বন্ধে আলোচনা করা সম্ভব হয় নি। | পরবর্তী সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে উপস্থিত থেকে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ইনচার্জ (এফএস), ধামরাই, ঢাকা। |
| ২৪. | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা | সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নি। | পরবর্তী সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে উপস্থিত থেকে তার বিভাগীয় কার্যক্রম সম্পকে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ২৫. | উপজেলা রিসোর্স সেন্টার | সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রর্ম স্বাভাবিক ভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ইন্সট্রাক্টর (ইউআরসি), ধামরাই, ঢাকা। |
| ২৬. | উপজেলা আইসিটি অধিদপ্তর | সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নি। | পরবর্তী সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে উপস্থিত থেকে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ধামরাই, ঢাকা। |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭. | একটি বাড়ি একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী একটি বাড়ি একটি খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, ধামরাই, ঢাকা। |
| ২৮. | বিবিধ | ১। উপজেলা পরিষদের ০৪ নং কোয়াটার রং করায় মালামাল ক্রয় ও মজুরি বাবদ ১৬,০০০+৯,০০০= মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ হয়েছে। | ১। উপজেলা পরিষদের ০৪ নং কোয়াটার রং করায় মালামাল ক্রয় ও মজুরি বাবদ মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা। |
| | | ২। উপজেলা পরিষদের ০৪ নং কোয়াটারের ০৪ টি জানালা প্রতিস্থাপন ও মজুরি বাবদ মোট ২০,০০০+৫,০০০= মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ হয়। | ২। উপজেলা পরিষদের ০৪ নং কোয়াটারের ০৪ টি জানালা প্রতিস্থাপন ও মজুরি বাবদ মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৩। উপজেলা পরিষদের ০৪ নং কোয়াটারের স্যানিটারি সামগ্রী ক্রয় ও মজুরি বাবদ মোট ১৬,০০০+৯,০০০= মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ হয়। | ৩। উপজেলা পরিষদের ০৪ নং কোয়াটারের সেনেটারি স্যানিটারি সামগ্রী ক্রয় ও মজুরি বাবদ মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৪। উপজেলা পরিষদের ০১ নং কোয়াটারের পানির পাম্পের সংযোগ মেরামতের জন্য মালামাল ক্রয় ও মজুরি বাবদ ২০,০০০+১০,০০০ = মোট ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা খরচ হয়। | ৪। উপজেলা পরিষদের ০১ নং কোয়াটারের পানির পাম্পের সংযোগ মেরামতের জন্য মালামাল ক্রয় ও মজুরি বাবদ মোট ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৫। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের দেয়ালের সংস্কার বাবদ মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ হয়। | ৫। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের দেয়ালের সংস্কার বাবদ মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৬। উপজেলা পরিষদের নিরাপত্তার নিমিত্ত আনসার সদস্যদের প্রদানের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে আগস্ট/২০২১ মাসে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে। | ৬। উপজেলা পরিষদের নিরাপত্তার নিমিত্ত আনসার সদস্যদের প্রদানের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে ১০,০০০/- (দশ হাজার) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৭। উপজেলার বর্জ্য ব্যবস্থাপনা বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় হয়েছে। | ৭। উপজেলার বর্জ্য ব্যবস্থাপনা বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৮। ধামরাই বাজারে অবস্থিত 'প্রতিমা সুজ' আগুনে পুড়ে যাওয়ায় জনাব দুলাল পাল (প্রোপাইটর, প্রতিমা সুজ) পিতা: ডাউরী চন্দ্র পাল, মাতা: একাদশী রানী পাল, সাং- বাড়ীগাঁও, ধামরাই, ঢাকা আর্থিক সহায়তার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা বরাবর আবেদন করেছেন। | ৮। জনাব দুলাল পাল, পিতা: ডাউরী চন্দ্র পাল, মাতা: একাদশী রানী পাল, সাং- বাড়ীগাঁও, ধামরাই, ঢাকা-কে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৯। স্থানীয় সরকার বিভাগের ২৪ এপ্রিল ২০০৫ তারিখের ৪৭২ নং স্মারক অনুসরণ করে উপজেলা পরিষদের যানবাহন মেরামতের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল দাখিল করা হয়েছে। | ৯। উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাদ্দেছ হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ধামরাই, ঢাকা।
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ধামরাই, ঢাকা

স্মারক নম্বর: ০৫.৪১.২৬১৪.০০০.০৬.০০১.২১-৭৮৪

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ / ১৯ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঢাকা- ২০।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, ঢাকা বিভাগ।
৪। জেলা প্রশাসক, ঢাকা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা।
৬। মেয়র, ধামরাই পৌরসভা, ধামরাই, ঢাকা।
৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা।
৮। উপজেলা....................................................কর্মকর্তা, ধামরাই, ঢাকা।
৯। চেয়ারম্যান (সকল)................................ ইউনিয়ন পরিষদ, ধামরাই, ঢাকা।
১০। জনাব/বেগম.............................................................. ।

19.8.21

(হোসাইন মোহাম্মদ হাই জকী)
উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা।
ফোনঃ ৭৭৩০০৩৪
unodhamrai@mopa.gov.bd



Scanned with CamScanner

# উপজেলা উন্নয়ন সমন্বয় সভার উপস্থিত অনুপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট 'ক'

| উপস্থিত | | |
|---|---|---|
| ক্র: নং | নাম | পদবী |
| ১. | জনাব আলহাজ্ব বেনজীর আহমদ | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঢাকা-২০। |
| ২. | জনাব মোহাম্মেছ হোসেন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ধামরাই,ঢাকা। |
| ৩. | জনাব হোসাইন মোহাম্মদ হাই জকী | উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই,ঢাকা। |
| ৪. | জনাব আলহাজ্ব গোলাম কবির মোল্লা | মেয়র, ধামরাই পৌরসভা, ধামরাই,ঢাকা। |
| ৫. | জনাব মোঃ সিরাজ উদ্দিন | ভাইস চেয়রম্যান উপজেলা পরিষদ, ধামরাই,ঢাকা। |
| ৬. | এডভোকেট সোহানা জেসমিন (মুক্তা) | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই,ঢাকা। |
| ৭. | জনাব শেখ নুরুল আলম | সহকারি কমিশনার (ভূমি) ধামরাই,ঢাকা। |
| ৮. | ডা: আহমেদুল হক তিতাস | উপঃ স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা এর প্রতিনিধি |
| ৯. | জনাব আতিকুর রহমান | অফিসার ইনচার্জ, ধামরাই, ঢাকা। |
| ১০. | জনাব মোঃ আরিফুল হাসান | উপজেলা কৃষি কর্মকর্তা ধামরাই,ঢাকা। |
| ১১. | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা প্রকৌশলী, ধামরাই,ঢাকা |
| ১২. | নাজনিন নাহার | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ১৩. | জনাব ডাঃ মোহাম্মাদ সাইদুর রহমান | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ১৪. | জনাব তাজমুন্নাহার | উপজেলা শিক্ষা কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ১৫. | তানিয়া পারভীন | উপজেলা পরিবার পরিঃ কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ১৬. | জনাব এস.এম.হাসান | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ১৭. | জনাব মোহাম্মাদ শাহিনুজ্জামান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ১৮. | জনাব লীনা আহম্মেদ | উপজেলা খাদ্য কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ১৯. | বেগম মোসাঃ সেলিনা খানম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ধামরাই,ঢাকা। |
| ২০. | জনাব মো: আতিকুর রহমান | অফিসার ইনচার্জ, ধামরাই,ঢাকা। |
| ২১. | আয়েশা আক্তার | উপজেলা ইন্সট্রাক্টর (ইউআরসি), ধামরাই, ঢাকা। |
| ২২. | বাবু দেব প্রসাদ সাহা | সহকারি পরিচালক (বীজ) বিএডিসি, ধামরাই, ঢাকা। |
| ২৩. | খালিদ মোঃ সালাহউদ্দিন | ডিজি এম পল্লী বিদ্যুৎ -৩ ধামরাই, ঢাকা। |
| ২৪. | জনাব মোতালিব আল মোমিন | উপজেলা বন কর্মকর্তা, ধামরাই, ঢাকা। |
| ২৫. | মো: আতিকুর রহমান | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা। |
| ২৬. | জনাব কামরুজ্জামান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ধামরাই, ঢাকা |
| ২৭. | জনাব ফাতেমা আক্তার | উপজেলা আনঃ ও ভিডিপি কর্মকর্তা |
| ২৮. | আয়েশা আক্তার | উপজেলা নির্বাচন কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ২৯. | পারভীন আশরাফী | উপজেলা সমবায় কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ৩০. | জনাব ইসলাম আল হাজীব | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ৩১. | জনাব ইশরাক রহমান | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ৩২. | জনাব মোঃ শামীউর রহমান | উপজেলা উপঃ সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) ধামরাই, ঢাকা। |

| অনুপস্থিত | | |
|---|---|---|
| ক্র: নং | নাম | পদবী |
| ১. | নায়ার সুলতানা | উপজেলা মাধ্যামিক শিক্ষা কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ২. | জনাব মোঃ লিটন | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ধামরাই, ঢাকা। |
| ৩. | জনাব মোঃ আব্দুল কুদ্দুস | উপসহকারী প্রকৌশলী (শিক্ষা) ধামরাই, ঢাকা। |
| ৪. | সামছুজ্জামান | উপঃ সহঃ প্রকৌশলী বিএডিসি ধামরাই, ঢাকা |
| ৫. | জনাব মোঃ আব্দুল রহমান খান | সাবেক কমান্ডার মুক্তিযোদ্ধা সংসদ, ধামরাই, ঢাকা। |
| ৬. | জনাব এ কে এম নওশের ইমজাদ | স্টেট অফিসার ও প্রকল্প পরিচালক বিসিক শিল্প নগরী ও সম্প্রসারণ প্রকল্প। |
| ৭. | মোঃ আব্দুল বারী | ডিজিএম পল্লী বিদুৎ কুশুরা,ধামরাই,ঢাকা। |
| ৮. | জনাব মোঃ মনিরুজ্জামান | এজিএম, কৃষি ব্যাংক, ধামরাই,ঢাকা। |
| ৯. | আমজাদ হোসেন | সাব রেজিষ্ট্রার,ধামরাই,ঢাকা। |
| ১০. | নাদিয়া সুলতানা | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা ধামরাই,ঢাকা। |
| ১১. | ফারজানা সিরাজ সুমি | পল্লী জীবিকায়ন প্রকল্প। |



Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ১২. | জনাব নুরুল ইসলাম | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউঃ ধামরাই,ঢাকা। |
| ১৩. | জনাব মোঃ মিজানুর রহমান | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর (U D F) । |
| ১৪. | মোসাঃ জাহানারা বেগম | সংরক্ষিত মহিলা সদস্য, ধামরাই সদর |
| ১৫. | মিসেস লাইলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য, যাদবপুর। |
| ১৬. | মোসাঃ মঞ্জু আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য, সানোড়া। |
| ১৭. | মোসাঃ তাসলিমা আসাদ | সংরক্ষিত মহিলা সদস্য, আমতা। |
| ১৮. | মোসাঃ শিমা আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য, সুয়াপুর। |
| ১৯. | জনাব মাহাবুবুর রহমান ফারুক | প্রাধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিসদ ঢাকা। |
| ২০. | জনাব রেজাউল করিম | উপজেলা ইনচার্জ (এফএস), ইসলামিক ফাউন্ডেশন, ধামরাই, ঢাকা। |



Scanned with CamScanner